# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ মক্কা বিজয়ের পর ছোটখাট অভিযান এবং কর্মচারীগণের যাত্রা (البعوث والسرايا بعد الرجوع من غزوة الفتح)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

যাকাত আদায়কারী বৃন্দ (المصدقون) :

ইতোপূর্বে উল্লেখিত হয়েছে যে, মক্কা বিজয়ের পর ৮ম হিজরীর শেষ ভাগে রাসূলুল্লাহ (ﷺ) মদীনা ফিরে আসেন। অতঃপর ৯ম হিজরীর মুহাররমের চাঁদ উদিত হওয়ার পর পরই রাসূলুল্লাহ (ﷺ) বিভিন্ন গোত্রের মুসলিমগণের নিকট থেকে সদকা ও যাকাত আদায়ের উদ্দেশ্যে কর্মচারী প্রেরণ করেন। যে কর্মচারী যে গোত্রে প্রেরিত হয়েছিল তার তালিকা হচ্ছে যথাক্রমে নিম্নরূপ :

| কর্মচারীগণের নাম | যে গোত্র থেকে সদকা এবং যাকাত আদায় করা হয়েছিল |
|---|---|
| ১. উয়ায়না বিন হিসন | বনু তামীম |
| ২. ইয়াযীদ বিন হুসাইন | আসলাম এবং গেফার গোত্র |
| ৩. আব্বাদ বিন বাশির আশহালী | সুলাইম এবং মুযাইনা গোত্র |
| ৪. রাফি’ বিন মাকীস | জুহাইনা গোত্র |
| ৫. ‘আমর বিন আস | বনু ফাযারা |
| ৬. যাহহাক বিন সুফইয়ান | বুন কিলাব |
| ৭. বাশীর বিন সুফইয়ান | বনু কা‘ব |
| ৮. ইবনুল লুতবিয়্যাহ আযদী | বনু যুবয়ান |
| ৯. মুহাজির বিন আঈ উমাইয়াহ | সানয়া শহরে (তাঁদের উপস্থিতিতে তাঁদের বিরুদ্ধে আসওয়াদ আনসী সানয়ায় নাবী দাবী করেছিল)। |
| ১০. যিয়াদ বিন লাবীদ | হাযরামাওত অঞ্চল |
| ১১. আদী বিন হাতিম | ত্বাই এবং বনু আসাদ গোত্র |
| ১২. মালিক বিন নুওয়াইরাহ | বনু হানযালাহ গোত্র |
| ১৩. যিবরিক্বান বিন বদর | বনু সা‘দ (এর একটি শাখা) |
| ১৪. ক্বায়স বিন ‘আসিম | বনু সা‘দ (এর অন্য একটি শাখা) |
| ১৫. আলা- বিন হাযরামী | বাহরাইন অঞ্চল |
| ১৬. আলী ইবনু আবূ ত্বালিব | নাজরান অঞ্চল (যাকাত এবং কর আদায় করার জন্য) |

প্রকাশ থাকে যে, ৯ম হিজরীর মুহাররম মাসেই এ সকল কর্মচারীর সকলেই প্রেরণ করা হয় নি। বরং কোন কোন ক্ষেত্রে বেশ কিছুটা বিলম্ব হয়েছিল সংশ্লিষ্ট গোত্রগুলোর বিলম্বে ইসলাম গ্রহণের কারণে। তবে এ পরিচালনা বন্দোবস্তের সঙ্গে উল্লেখিত কর্মচারীবৃন্দের প্রেরণের কাজ শুরু হয়েছিল ৯ম হিজরীর মুহাররম মাসে এবং এর

মাধ্যমেই হুদায়বিয়াহর সন্ধির পর ইসলামী দাওয়াতের কৃতকার্যতার প্রশস্ততা অনুমান করা যেতে পারে। অবশিষ্ট থাকে মক্কা বিজয়ের পরবর্তী যুগের আলোচনা। অবশ্য ঐ সময়ে লোকেরা আল্লাহর দ্বীনে দলে দলে প্রবেশ করতে শুরু করে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6418

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন